



Reg. No.Dha-0462

বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

তারিখ: ০৮.০৫.২০২২

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ ও সংবাদ প্রচারার্থে।

বিষয়: বগুড়া জেলার গাবতলী উপজেলার সুখানপুকুর ইউনিয়নের তেলিহাতা গ্রামে দুর্ভুগদের দ্বারা ছোড়া এসিডে তিন মাসের শিশুসহ একই পরিবারের তিন সদস্যকে এসিডদগ্ধ করার ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে জড়িতদের সনাক্তকরণপূর্বক যথাযথ আইনে ব্যবস্থা গ্রহণের দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ৮ মে, ২০২২ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে- বগুড়া জেলার গাবতলী উপজেলার সুখানপুকুর ইউনিয়নের তেলিহাতা গ্রামে দুর্ভুগদের দ্বারা ছোড়া তিন মাসের শিশুসহ একই পরিবারের ঘুমন্ত তিন সদস্যের শরীরে দাহ্য পদার্থ নিক্ষেপ করার ঘটনা ঘটেছে। ঘটনা সূত্রে জানা যায়, গত ৫ই মে, ২০২২ তারিখ প্রতিদিনের মতো রাতের খাবার খেয়ে একই বিছানায় পরিবারের সবাই মুমিয়ে পড়েন। রাতে ভাপসা গরম হওয়ায় ঘরের জানালা খুলে ঘুমাচ্ছিলেন তারা। ওই রাতে ঘরের জানালা দিয়ে দুর্ভুগরা এসিড ছুড়ে মেরে সেখান থেকে পালিয়ে যায়। এতে দুলাল কর্মকারের স্ত্রী, তাঁর পুত্রবধূ ও তিন মাসের শিশুসন্তানের গোটা মুখ ও কণ্ঠনালি বালসে যায়। গুরুতর অবস্থায় প্রথমে তাদের বগুড়ার সদর হাসপাতালে ভর্তি করা হয়। পরে অবস্থার অবনতি হলে গত ৬ই মে, ২০২২ তারিখ তাঁদের ঢাকা শেখ হাসিনা জাতীয় বার্ন এ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে পাঠানো হয়। অন্যরা শঙ্কামুক্ত হলেও শিশুটির অবস্থা আশঙ্কাজনক।

আমরা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি, এসিড নিক্ষেপের ঘটনা কিছুদিন কম থাকলেও এ ধরনের সহিংসতার ঘটনা উদ্বেগজনকভাবে বৃদ্ধি পাচ্ছে। নারী ও কন্যাশিশুরা ঘরে-বাইরে নিরাপত্তা হুমকির সম্মুখীন হয়ে পড়ছে, যা পরিবার-সমাজ ও রাষ্ট্রের উন্নয়নে নারীর ইতিবাচক অংশগ্রহণের ক্ষেত্রে বাধা সৃষ্টি করছে এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতিকে প্রশ্নবিদ্ধ করছে। এসিড সন্ত্রাস নিয়ন্ত্রণে, এসিড জাতীয় দ্রব্যের অপব্যবহার রোধসহ এসিড নিয়ন্ত্রণ আইন ২০০২ (সংশোধিত ২০১০) ও এসিড অপরাধ দমন আইন ২০০০ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে দ্রুত পদক্ষেপ গ্রহণের দাবি জানাচ্ছে। সেইসাথে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তিরোধে আশু কার্যকরী পদক্ষেপ গ্রহণের জোর দাবি জানাচ্ছে।

উক্ত ঘটনার সাথে জড়িতদের দ্রুত সনাক্তকরণপূর্বক যথাযথ আইনী ব্যবস্থা গ্রহনসহ সূচী ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছে। সেইসাথে নির্যাতনের শিকার পরিবারের সদস্যদের নিরাপত্তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছে। পাশাপাশি সারাদেশে সংঘটিত নারী ও কন্যা নির্যাতনের ঘটনার বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

ডা. ফওজিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ